দৈনিক জনকণ্ঠ

২৬/১০/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ...১৪ কলাম ...৫...

# অন্যদেশে পড়াশোনা ॥ ব্রিটেন

## বেলারবেস কলেজ

ব্রিটেনে আন্ডার গ্র্যাজুয়েট ডিগ্রীকে বলা হয় ফার্স্ট ডিগ্রী। এই ফার্স্ট ডিগ্রী আবার কয়েক ধরনের আছে। অনার্স ডিগ্রী : একটি বিষয়ে বিস্তারিত জ্ঞানার্জন বুঝায়। জয়েন্ট অনার্স ডিগ্রী : দু'টি বিষয়ে জ্ঞানার্জন বুঝায়, কম্বাইন্ড অনার্স ডিগ্রী : তিন বা ততোধিক বিষয়ে জ্ঞানার্জন বুঝায়, পাস ডিগ্রী বা জেনারেল ডিগ্রী : বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় জ্ঞানার্জনকে বুঝায়, বেশিরভাগ ফার্স্ট ডিগ্রী শেষ করতে ৩-৪ বছর লাগে। তবে প্রফেশনাল কোর্স যেমন কৃষি, মেডিসিন, আর্কিটেকচার, ইঞ্জিনিয়ারিং প্রভৃতি বিষয় শেষ করতে প্রায় ৭ বছর লাগে।

আবেদন করার নিয়ম

আবেদন করতে হয় একটি নির্ধারিত ফরমের মাধ্যমে। আর এই নির্ধারিত ফরমটি পেতে হলে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার ফুলার রোডে অবস্থিত ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে ভর্তি হতে ইচ্ছুক নির্দিষ্ট বিশ্ববিদ্যালয় এবং কলেজ ভর্তি কমিটির UCAS বরাবর আবেদন করলে তারাই আপনাকে ভর্তি ফরম সরবরাহ করবে।

ভাষাগত দক্ষতা

যুক্তরাজ্যের যে কোন কলেজ বা বিশ্ববিদ্যালয়ে বিদেশী শিক্ষার্থীদের ভর্তি হওয়ার প্রথম যোগ্যতা হলো ইংরেজী লেখা এবং বলার ওপর দক্ষতা অর্জন। এর সাথে LELTS এবং GCE-তে ভাল স্কোর থাকতে হবে।

আপনারা যারা ব্রিটেনে আণ্ডার গ্র্যাজুয়েট কোর্স করতে ইচ্ছুক তাদের জন্য ক্যাম্পাস বিভাগে আজ থেকে ব্রিটেনের বেলারবেস কলেজে ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য থাকছে।

Bellerbys College

এটি ব্রিটেনের একটি বিখ্যাত কলেজ। এই কলেজটির ব্রিটেনে মোট দু'টি ক্যাম্পাস রয়েছে। একটির অবস্থান ইংল্যান্ডের দক্ষিণ সমুদ্র উপকূল এলাকা ব্রাইটন এবং অপরটির অবস্থান কেমব্রিজ বিশ্বঃ শহরে। কেমব্রিজ বিশ্ববিদ্যালয় শহরে অবস্থিত ক্যাম্পাসটি কেমব্রিজ বিজনেস কলেজের সাথে একত্রীভূত। এটি Bellerbys College-এর স্পেসালিস্ট বিজনেস স্কুল নামেও পরিচিত।



যে সব বিষয়ে পড়া যায়

১. ল, ২. এ্যাকাউন্টিং, ৩. ইঞ্জিনিয়ারিং এবং ৪. মেডিসিন।

শিক্ষার মান

কলেজটি শুরু থেকেই একাডেমিক শিক্ষায় সারা ব্রিটেনেই ব্যাপক সুনাম অর্জন করেছে। শিক্ষার্থীদের সঠিক তদারকির জন্য রয়েছে একটি শক্তিশালী একাডেমিক কমিটি। মূলত এই কমিটিই শিক্ষার্থীদের সঠিক শিক্ষা নিশ্চিত করে থাকে।

শিক্ষার ধরন

কলেজটিতে শিক্ষার্থীদের গ্রুপ ভিত্তিতে শিক্ষা দেয়া হয়। এ জন্য প্রতি গ্রুপে ১০ জন করে ছাত্রছাত্রী নেয়া হয়।

আবাসিক ব্যবস্থা

কলেজটিতে সিঙ্গাপুর, মালয়েশিয়া, থাইল্যান্ড, হংকং, জাপান, তাইওয়ান, কোরিয়া, ব্রুনাই, পাকিস্তান, ভারত এবং যুক্তরাজ্যসহ বিশ্বের ৪০টিরও বেশি দেশের ৫৫০ ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। তাদের থাকার জন্য রয়েছে অত্যাধুনিক সুযোগ-সুবিধা সংবলিত বিশ্বমানের আবাসিক হল। এমনকি কলোনি করে থাকারও সুযোগ রয়েছে।

ভর্তির জন্য কখন আবেদন করবেন

কোর্স শুরু হওয়ার কমপক্ষে ৯-১২ মাস আগে ভর্তির জন্য যোগাযোগ করতে হবে। যুক্তরাজ্যে শিক্ষাবর্ষ শুরু হয় অক্টোবর থেকে জুনের মধ্যে।

**যোগাযোগ করতে হবে**

Mrs. Kathryn James
Admissions Manager
Bellerbys College, Hove
44 Cromwell Road
Hove, East Sussex BN 3
3ER, UK.
Tel. (+441273) 723911
Fax : (+441273) 328445
E-mail : Kjames@ bsg.ac.UK
Website : www.Study
groupintl.Com